

া লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৯০. দুশ্চিন্তা, উদ্বিগ্নতা ও ভয় থেকে মুক্ত হোন

"আল ফারাজু বা'দাশ্শিদাহ (الفرج بعد الشدة) দুঃখ-কষ্টের পরে আরাম-আয়েশ" নামক পুস্তকের ত্রিশটিরও বেশি অধ্যায়ে আরাম-আয়েশ ও দুঃখ-কষ্ট নিয়ে লিখা। কিতাবটি এ বিষয়ের উপর জাের প্রদান করে যে, আমরা দুঃখ-ক্ট দারা যত বেশি আছের হই, তত বেশি আরাম-আয়েশের নিকটবর্তী হই। এ কিতাবের দুশতাধিক গল্প আছে, এ সবগুলােই এ বিষয়ে। সংকট যাই হােক না কেন, তা সুদিন আসার পূর্বের কয়েকটি দিনের ব্যাপার মাত্র। আত্তান্খি বলেছেন- "শান্ত থাক। কেননা তােমার পূর্বে অনেকেই এসেছিল, যারা এ পথ মাড়িয়েছে।"

وَلَنَبْلُوَنَّكُم بِشَيْءٍ مِّنَ الْخَوْفِ وَالْجُوعِ وَنَقْصِ مِّنَ الْأَمْوَالِ وَالْأَنفُسِ وَالتَّمَرَاتِ

"এবং আমি অতি অবশ্যই তোমাদেরকে কিছু ভয়, ক্ষুধা এবং সম্পদ, জীবন ও ফল-ফসলাদির ক্ষতি দ্বারা পরীক্ষা করব।" (২-সূরা বাকারাঃ আয়াত-১৫৫)

"এবং আমি সত্যিই তাদের পূর্ববর্তীদেরকে পরীক্ষা করেছিলাম।" (৩-সূরা আলে ইমরানঃ আয়াত-২৯)

এ পরীক্ষার যুগেও ঠিক সে তেমনই আমাদের আমৃত্যু পরীক্ষা চলতে থাকবে এবং সুসময়ে আমাদের যেমন আল্লাহর ইবাদত করার কথা। সর্বশক্তিমান মহান আল্লাহ দিন-রাত্রির পরিবর্তনের মতো আমাদের অবস্থা পরিবর্তন করে থাকেন। তবে কেন ক্রোধ, কেন অবাধ্যতা এবং কেন অভিযোগ?

"আর যদি আমি তাদেরকে আদেশ দিতাম যে, তোমরা নিজেদেরকে হত্যা কর অথবা তোমাদের ঘর-বাড়ি থেকে বের হয়ে যাও তবে তাদের অল্প সংখ্যকই এ কাজ করত।" (৪-সুরা আন নিসাঃ আয়াত-৬৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7798

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন